

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বরিশাল | 04 April, 2025

আওয়ামী অপশক্তির পক্ষে প্রকাশ্যে মিছিল করায় বাউফল উপজেলা যুবদলের আহবায়ক সাইফুল ইসলাম জসিম ও যুগ্ম আহবায়ক রিয়াজ মাহমুদকে বহিষ্কার করা হয়েছে।

শুক্রবার (৪ এপ্রিল) বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় কমিটির সহ-দপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন। কেন্দ্রীয় যুবদলের সভাপতি আবদুল মোনামের মুন্না ও সাধারণ সম্পাদক মোঃ নূরুল ইসলাম নয়ন বহিষ্কারের সিদ্ধান্ত কার্যকর করেছেন।

প্রেস বিজ্ঞপ্তিতে বহিষ্কৃত নেতাদের কোন ধরনের অপকর্মের দায় দায়িত্ব দল নিবেনা বলে উল্লেখ করা হয়। এছাড়াও যুবদলের সকল পর্যায়ের নেতাকর্মীদের তাদের সাথে সম্পর্ক না রাখার নির্দেশ দেয়া হয়েছে।

উল্লেখ্য গত মঙ্গলবার (১ এপ্রিল) বগা ইউনিয়ন ছাত্র দলের সাধারণ সম্পাদক মহিউদ্দিন গাজীকে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কর্মী বাবু মারধর করে। এ ঘটনার প্রতিবাদে পরের দিন বুধবার (৩ এপ্রিল) ছাত্রদলের উদ্যোগে বগা বন্দরে একটি মিছিলে বেড় করলে ছাত্রলীগ কর্মী বাবুর ভাই যুবলীগ সদস্য শামীম বাধা দেয়।

একপর্যায়ে ছাত্রদলের কর্মীরা শামীমকে ধরে বগা তদন্ত কেন্দ্রের পুলিশের কাছে সোপর্দ করলে পুলিশ তাকে জেলহাজতে পাঠায়। ওই দিন রাত ৮টার দিকে বগা বন্দরের আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকরা একত্রিত হয়ে বন্দরে একটি মিছিল বের করে। ওই মিছিলের নেতৃত্ব দেন উপজেলা যুবদলের আহবায়ক সাইফুল ইসলাম জসিম ও যুগ্ম আহবায়ক রিয়াজ মাহমুদ।

ওই মিছিল থেকে বিএনপির বিরুদ্ধে বিভিন্ন ধরনের শ্লোগান দেয়া হয়। মিছিলের ওই ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয় যা নেতাদের দৃষ্টি গোচর হলে তাদের দুইজনকে বহিষ্কার করা হয়।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:59

URL: <https://timestodaybd.com/barishal/245467305>